

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(সিটি কর্পোরেশন-২ শাখা)
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং ৪৬.০০.০০০০.০৭১.১৮.০৫৩.১৭.৫৯০

তারিখঃ ১৩ ভাদ্র ১৪২৪
২৮ আগস্ট ২০১৭**অফিস আদেশ**

চট্টগ্রাম মহানগরীর প্রাকৃতিক খালসমূহ অবৈধ দখলদারগণকে উচ্ছেদ কার্যক্রম পরিচালনা ও নিয়মিত মনিটরিং করার জন্য নিম্নবর্ণিত জনপ্রতিনিধি ও কর্মকর্তা সমন্বয়ে একটি টাস্কফোর্স গঠন করা হল:

ক্রমিক	কর্মকর্তার নাম ও পদবী	
১.	মেয়র, চট্টগ্রাম সিটি কর্পোরেশন	- আহ্বায়ক
২.	প্রতিনিধি, বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম	- সদস্য
৩.	প্রতিনিধি, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ	- সদস্য
৪.	প্রতিনিধি, পানি উন্নয়ন বোর্ড	- সদস্য
৫.	প্রতিনিধি, জেলা প্রশাসক, চট্টগ্রাম	- সদস্য
৬.	প্রতিনিধি, চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ	- সদস্য
৭.	প্রতিনিধি, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স	- সদস্য
৮.	প্রতিনিধি, পরিবেশ অধিদপ্তর	- সদস্য
৯.	সংশ্লিষ্ট ওয়ার্ডের কাউন্সিলর, চট্টগ্রাম সিটি কর্পোরেশন	- সদস্য
১০.	প্রধান নির্বাহী কর্মকর্তা, চট্টগ্রাম সিটি কর্পোরেশন	- সদস্য-সচিব

কার্যপরিধি:

- চট্টগ্রাম মহানগরীর প্রাকৃতিক খালসমূহ হতে অবৈধ দখলদারদেরকে উচ্ছেদ, খালসমূহের দুপার্শ্বে বেদখলকৃত সরকারি জায়গা উদ্ধার, খালসমূহ হতে মাটি উত্তোলন, খাল খনন ও ভরাটকৃত খালের মাটি/ আবর্জনা নিষ্কাশন করে খালসমূহের স্বাভাবিক প্রবাহ অব্যাহত রাখা;
- খালসমূহ অবৈধ দখলকারী দায়ী ব্যক্তি/ প্রতিষ্ঠানের বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ এবং উদ্ধারকৃত জায়গায় পুনরায় যাতে অবৈধ স্থাপনা নির্মিত না হয় সেজন্য নিয়মিত মনিটরিং এর ব্যবস্থা করা,
- খালসমূহের উভয় পাশে উন্নয়নে প্রয়োজনীয় প্রকল্প গ্রহণ;
- টাস্কফোর্স প্রতি মাসে কমপক্ষে একটি সভা অনুষ্ঠান করবে এবং গৃহীত কার্যক্রম স্থানীয় সরকার বিভাগ ও পানি সম্পদ মন্ত্রণালয় কে অবহিত করবে।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হল।

(মো: মাহমুদুল আলম)

উপসচিব

ফোনঃ ৯৫১১৬০৩

ই-মেইল: dsec2.lgd.gov@gmail.com

স্মারক নং ৪৬.০০.০০০০.০৭১.১৮.০৫৩.১৭.৫৯০(১৫)

তারিখঃ ১৩ ভাদ্র ১৪২৪
২৮ আগস্ট ২০১৭

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

০১. সিনিয়র সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা [দৃষ্টি আকর্ষণ: পরিচালক-১২]
০২. সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. মেয়র, চট্টগ্রাম সিটি কর্পোরেশন, চট্টগ্রাম।
০৪. মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।
০৫. বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম।
০৬. চেয়ারম্যান, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
০৭. মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
০৮. মহাপরিচালক, পানি উন্নয়ন বোর্ড, ওয়াপদা ভবন, মতিঝিল, ঢাকা।
০৯. পুলিশ কমিশনার, চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ, চট্টগ্রাম।
১০. প্রধান নির্বাহী কর্মকর্তা, চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

উক্ত টাস্কফোর্সে তাঁর সংস্থা/
কার্যালয়ের প্রতিনিধি মনোনয়নের
অনুরোধসহ।

১১. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

১২. অফিস কপি।

(মো: মাহমুদুল আলম)

উপসচিব